

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
টরন্টো, কানাডা  
প্রেস বিজ্ঞপ্তি  
১৮ অক্টোবর ২০২১, টরন্টো

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল শেখ রাসেল দিবস পালন

টরন্টোর বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কোভিড স্বাস্থ্য সুরক্ষা বজায় রেখে সরকারী সিদ্ধান্ত অনুযায়ী প্রথমবারের মতো আনুষ্ঠানিকভাবে শেখ রাসেল দিবস -শহীদ শেখ রাসেলের ৫৮তম জন্মদিন পালন করেছে। মিশনের কর্মকর্তাবৃন্দ, টরন্টোতে বসবাসরত বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, বিশিষ্ট কমিউনিটি সদস্যগণ, কানাডা এবং অন্টারিও আওয়ামী লীগ নেতৃবৃন্দ এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন।



কনস্যুলেট জেনারেল কর্তৃক শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর মিশনের কর্মকর্তারা মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করেন। এছাড়া শেখ রাসেলের জীবনের উপর নির্মিত প্রামাণ্যচিত্র প্রদর্শন, স্মৃতিচারণমূলক আলোচনা এবং সবশেষে কনস্যুলেট জেনারেল তার সমাপনী বক্তব্যে শেখ রাসেল দিবসের তাৎপর্যের উপর আলোকপাত করেন।



কনসাল জেনারেল নাসিম উদ্দিন আহমেদ তার বক্তব্যে বলেন, শেখ রাসেল কিশোর-কিশোরী ও তরুণ-যুবাদের জন্য অনুপ্রেরণা। শেখ রাসেলের চাঞ্চল্য আর উচ্ছলতা থেকেই বোঝা যায় যে -বেঁচে থাকলে তিনি বাংলাদেশের একজন অনন্য অসাধারণ নেতা হতেন। বর্তমান প্রধানমন্ত্রীর ন্যায় তিনিও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার অগ্রদূত হতেন। বাংলাদেশের স্বাধীনতা বিরোধী শক্তির হাতে একজন নিরীহ-নিষ্পাপ শিশু হত্যা ইতিহাসের জঘন্যতম এবং কাপুরুষোচিত কাজ- যা ইতিহাস কখনো ক্ষমা করবে না।



কনসাল জেনারেল নাসিম উদ্দিন আহমেদ শিশু-কিশোর ও তরুণ-যুবক সমাজকে শেখ রাসেলের জীবন সম্পর্কে জানতে এবং তাঁর জীবন থেকে অনুপ্রেরণা গ্রহণের আহ্বান জানান। যাতে নতুন প্রজন্ম জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' গড়ে তুলতে নিজেদেরকে নিবেদিত করতে পারে।

বীর মুক্তিযোদ্ধা, কমিউনিটি সদস্য, কানাডা আওয়ামী লীগ নেতৃবৃন্দ এবং অন্টারিও আওয়ামী লীগ নেতৃবৃন্দও আলোচনায় অংশ নেন। জন্মদিনের কেক কেটে ও বিশেষ প্রার্থনার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



\*\*\*\*\*